**একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ
www.bishwamberpur.sunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০১৮.০০০.০৭.০২১.২০.১৪৬৫ তারিখ.২৬/১০/২০২৫ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা,২০১৫ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরি বিধিমালা ২০১১ (সংশোধিত) অনুসারে সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে গ্রাম পুলিশের (মহল্লাদার) শুন্যপদে অস্থায়ীভাবে নিয়োগের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের ও ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে নির্ধারিত ফরমে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আবেদন আহবান করা হলো। দরখাস্তসমূহ নিম্নবর্ণিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সরাসরি অথবা ডাকযোগে অথবা ই-মেইলে উপজেলা নির্বাহী অফিসার,বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ বরাবর এ দাখিল করতে হবে।

| ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর | পদের নাম ও সংখ্যা | মাসিক বেতন (সর্বসাকুল্যে) | শিক্ষাগত ও শারীরিক যোগ্যতা |
|---|---|---|---|
| সলুকাবাদ ওয়ার্ড নং- ০২ ও ০৬ | মহল্লাদার-২ | **মহল্লাদার :** সরকারি অংশ-৩৭৫০/= ইউপি অংশ- ৩৭৫০/= মোট টাকা ৭৫০০/= | **মহল্লাদার :** যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উর্ত্তীণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উর্ত্তীণ হতে হবে। শারীরিক যোগ্যতা : **পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-**(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি; **মহিলা প্রার্থীর ক্ষেত্রে-**(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (খ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)(গ) সর্বনিম্ন ওজন ৪৫কেজি। |
| পলাশ ওয়ার্ড নং-০৯ | মহল্লাদার-১ | | |
| বাদাঘাট(দক্ষিণ) ওয়ার্ড নং-০৩ | মহল্লাদার-১ | | |
| ফতেপুর ওয়ার্ড নং-০১ ও ০৯ | মহল্লাদার-২ | | |

## -ঃ শর্তাবলী ঃ-

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলার উল্লিখিত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা যোগ্যতার ভিত্তিতে অগ্রাধিকার পাবেন।

২। আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত আবেদন ফরমে (কপি সংযুক্ত) আগামী ২৬/১০/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা হতে **১৮/১১/২০২৫** তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে(অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০.০০ (দশ) টাকা মূলমানের ডাক টিকেট যুক্ত করে ৪.৫/৯.৫ ইঞ্চি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে পদের নাম, ইউনিয়ন ও ওয়ার্ডের নাম উল্লেখ করতে হবে।

৩। প্রার্থীর বয়স ৩০ অক্টোবর, ২০২৫ তারিখে নূন্যতম ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন (গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সত্যায়িত ফটোকপি এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সংযুক্ত করে দাখিল করতে হবে। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৪। দরখাস্তকারী যে ইউনিয়নের এবং ওয়ার্ডের বাসিন্দা তাকে সে ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের জন্য প্রার্থীতা বহাল থাকবে এবং তার নিয়োগ কার্যক্রম তদানুযায়ী নিয়ন্ত্রিত হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের আগ্রহী প্রার্থী না থাকলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে আবেদন গ্রহণ করা হবে। কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদের অনুলিপি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৫। অসত্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। গ্রামপুলিশের শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে এই বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রামপুলিশের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

৬। আবেদনপত্র (এ কার্যালয় হতে সরবরাহকৃত সরকারি চাকুরীর আবেদন ফরম অনুযায়ী) ও অন্যান্য কাগজপত্র সরাসরি বা ডাকযোগে অথবা ই-মেইলে (e-mail; unobishwambarpur@gmail.com) নির্ধারিত তারিখের মধ্যে এ কার্যালয়ে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষা সংক্রান্ত অসুদুপায় অবলম্বন করলে দরখাস্ত / নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার তদবির প্রার্থী অযোগ্য হিসেবে বিবেচিত হবে। যে কোনো তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ এর অনুকূলে ২০০/-(দুইশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

৮। আবেদনপত্র বিবেচিত হলে লিখিত পরীক্ষার স্থান,তারিখ ও সময় সম্পর্কে লিখিত পত্র/ মোবাইলে কল করে/এসএমএস এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষায় উর্ত্তীর্ণ প্রার্থীরাই কেবলমাত্র মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবে।

৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিতে কোনো শর্ত / অনুচ্ছেদ সংশোধন /পরিবর্তন/পরিমার্জন অথবা বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬/১০/২৫
(মেরিনা দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ
ফোন-০২৯৯৬৬০৩৯৬৭
e-mail ; unobishwambarpur@gmail.com

(চলমান পাতা-০২)

স্মারক নং : ০৫.৪৬.৯০১৮.০০০.০৭.০২১.২০.১৪৬৫/১(৫০) তারিখ.২৬/১০/২০২৫ খ্রি.

বিতরণ : সদয় অবগতির জন্য;

১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ;**

৩। সহকারী কমিশনার(ভূমি), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৪। অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর থানা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৫। উপজেলা ................................................................................................ অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ(সকল)।

৬। চেয়ারম্যান, সলুকাবাদ/পলাশ/বাদাঘাট(দঃ)/ফতেপুর ইউনিয়ন পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৭। ইউপি প্রশাসনিক কর্মকর্তা, সলুকাবাদ/পলাশ/বাদাঘাট(দঃ)/ফতেপুর ইউনিয়ন পরিষদ(সংশ্লিষ্ট সকল), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।(বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।

৮। জনাব পৃথিশ চন্দ্র সরকার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র কার্যালয়, তাকে বিজ্ঞপ্তিটি অত্রাফিসের ওয়েব সাইটের নোটিশ/বিজ্ঞপ্তিতে আপলোড করার জন্য বলা হলো।

৯।সভাপতি / সাধারণ সম্পাদক, ........................................................................................ (সংশ্লিষ্ট সকল), বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

১০। নোটিশ বোর্ড, অত্রকার্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

১১। অফিস কপি/মাস্টার ফাইল।

26/10/25

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।